**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-06–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Vote Counting:**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের জন্য ভোট গণনার কাজ সারা দেশের সাথে রাজ্য একযোগে শুরু হচ্ছে। সকাল ৮টা থেকে পোস্টাল ব্যালট গণনা শুরু হবে। ভোট গণনার কাজে নিয়োজিত কর্মীরা সকাল ছয়টায় গণনা কেন্দ্রে পৌঁছে গেছেন। গণনা কেন্দ্রের স্ট্রংরুম খোলা হয়েছে সকাল সাতটায়।

ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনে সরাসরি লড়াই হয়েছে বিজেপির বিপ্লব দেব এবং কংগ্রেসের আশীষ কুমার সাহার মধ্যে। যেখানে, ত্রিপুরা পূর্ব আসনে মূল প্রতিদ্বন্দ্বিতায় ছিল বিজেপির কৃতি দেবী সিং এবং সিপিআই (এম) এর রাজেন্দ্র রিয়াং।

ত্রিপুরা পশ্চিমের রিটার্নিং অফিসার ড. বিশাল কুমার জানান, নির্বাচনী এলাকার সাতটি স্থানে গণনা হবে এবং ৬-১০ রাউন্ড হবে। তিনি বলেন, সকাল ১১টার পর থেকে কোন প্রার্থী এগিয়ে আর কে পিছিয়ে যাচ্ছে তার প্রাথমিক প্রবণতা পাওয়া যাবে। একইভাবে, ত্রিপুরা পূর্ব আসনেও, ভোট গণনা সংক্রান্ত সমস্ত প্রয়োজনীয় নির্দেশিকা অনুসরণ করা হবে।

আকাশবাণীকে দেওয়া সাক্ষাৎকারে ত্রিপুরা পূর্বের রিটার্নিং অফিসার, সাজু ওয়াহিদ এ বলেছেন, গণনার দায়িত্বে থাকা কর্মীদের গণপ্রতিনিধিত্ব আইনের 128 ধারার অধীনে শপথ নিতে বলা হবে।

১৯ এপ্রিল এবং ২৬ এপ্রিল যে দুটি আসনে ভোট হয়েছে তাতে ত্রিপুরা পশ্চিমে ৮১ শতাংশ ভোট পড়েছিল এবং ত্রিপুরা পূর্ব আসনে পড়েছিল ৮১.৩৬ শতাংশ ভোট । ত্রিপুরা পশ্চিম আসনে ১৪ লাখ ৬৩ হাজার ভোটারের মধ্যে ১১ লাখ ৯২ হাজার ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ

করেছেন। ত্রিপুরা পূর্ব আসনের মোট ভোটার  ১৩ লাখ ৯৬ হাজার। এরমধ্যে ভোট দিয়েছেন ১১ লাখ ২২ হাজার।

***************

**Election commission of India:**

অষ্টাদশ লোকসভা নির্বাচনে বড় কোনো হিংসার ঘটনা ঘটেনি বলে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার জানিয়েছেন। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ঝাড়খন্ড, ছত্তিশগড়, ওড়িশা, মহারাষ্ট্র, পশ্চিমবঙ্গ, মনিপুর এবং জম্মু-কাশ্মীর সহ অন্যান্য রাজ্য থেকেও সেরকম কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

তিনি বলেন ২০২৪-এর লোকসভা নির্বাচনে ৩১ কোটি ২০ লক্ষের বেশি মহিলা তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন, যা বিশ্বের মধ্যে সর্বোচ্চ। বিশ্ব রেকর্ড গড়ে সার্বিকভাবে ৬৪ কোটি ২০ লক্ষের বেশি ভোটার এই নির্বাচনে অংশ নিয়েছেন।

বিশ্বের বৃহত্তম নির্বাচনের গণনা প্রক্রিয়ার বিষয়ে মুখ্য নির্বাচন কমিশনার জানান, গণনা কেন্দ্রে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর ত্রিস্তরীয় নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। মাইক্রো অবজার্ভারদের সঙ্গেই সর্বক্ষণ সিসিটিভির মাধ্যমে প্রতিটি গণনা টেবিলে নজর রাখা হবে।

***************

**ICA Control Room:**

রাজ্যে ২টি সংসদীয় ক্ষেত্র ও ৭-রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনের ভোট গণনা শুরু হচ্ছে। ১-ত্রিপুরা পশ্চিম ও ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র এবং ৭-রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনের ভোট গণনার তথ্য জানানোর জন্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের নিউজ ব্যুরো শাখায় একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। এই কন্ট্রোল রুমের ফোন নম্বর হলো ০৩৮১-২৩২-৫৯১৪। কন্ট্রোল রুম আজ সকাল ৮টা থেকে ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত খোলা থাকবে।

***************

**Counting Observer:**

গননা পর্যবেক্ষক ভিজেন্দার হুডা'র উপস্থিতিতে গতকাল দুপুরে কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে ভোটগণনা'র কাজে নিযুক্ত মাইক্রো-অবজারভারদের নিয়ে এক বৈঠক হয়। বৈঠকে ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা,কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

***************

**CEO office counting :**

অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারীক উষাজেন মগ গতকাল জানিয়েছেন, আজ রাজ্যে লোকসভার দুটি আসন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গননায় প্রথমেই পোষ্টাল ব্যালেট ভোট গণনা হবে। সকাল ৮টা থেকে শুরু হবে পোষ্টাল ব্যালেট ভোট গণনা। এরপর সকাল সাড়ে ৮টা থেকে ইভিএম-এর ভোট গননা শুরু করা হবে। আজ দুপুর সাড়ে ১২টার মধ্যে দুই কেন্দ্রের ভোট গণনার কাজ শেষ হতে পারে বলে তিনি জানিয়েছেন।

***************

**Special Bulletin :**

আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে আজ লোকসভা নির্বাচনের ভোট গননার ফলাফল সংক্রান্ত বিশেষ নির্বাচনী সংবাদ প্রচারিত হবে। সকাল ৯টা থেকে রাত ৯টা ৫ মিনিট পর্যন্ত প্রতি ঘন্টায় বাংলা ও ককবরকে এই বিশেষ বুলেটিন প্রচারিত হবে।

এছাড়াও বিশেষ নির্বাচনী ফলাফলের উপর বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে দুপুর ১২টা ৫ মিনিট এবং রাত ৮টা ১৫ মিনিট থেকে।

আজ রাতের নিয়মিত ককবরক ও বাংলা সংবাদ হবে ১৫ মিনিটের।

***************

**Post Election security :**

এআইজি (আইন শৃঙ্খলা) জ্যোতিষ্মান দাস চৌধুরী জানিয়েছেন, রাজ্যের সমস্ত ভোট গণনা কেন্দ্রগুলিতে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া সারা রাজ্যে নির্বাচনোত্তর পরিস্থিতি মোকাবেলায় ১৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং প্রায় নয় হাজার টি এস আর মোতায়েন করা হয়েছে। নির্বাচন এবং ভোট গণনার পর সারা রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ রাখতে এই বাহিনী মোতায়েন করা হয়েছে বলে জানান তিনি।

***************

**Lok Nirnoy-2024 :**

আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ আজ লোকসভা ও বিধানসভা আসনের নির্বাচনের ফলাফল প্রকাশের জন্য "লোক নির্ণয়-২০২৪" নামে ১৫ ঘন্টা ব্যাপী একটানা দ্বি-ভাষিক অনুষ্ঠান প্রচার করবে। সকাল ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত এই সম্প্রচার চলবে। এই অনুষ্ঠান আকাশবাণী গোল্ড সহ আকাশবাণীর অন্যান্য চ্যানেল ও ডিজিট্যাল প্ল্যাটফর্মে শোনা যাবে। দুরদর্শনও নির্বাচনী ফলাফল জানানোর জন্য ব্যাপক উদ্যোগ নিয়েছে। প্রসার ভারতীর সি.ই.ও গৌরব দ্বিবেদী জানান, দূরদর্শন দিল্লির বিজয় চক থেকে সকাল ৬টায় বিশেষ অনুষ্ঠান শুরু করেছে।

***************

**Weather:**

আজ রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘণ্টায় 30 থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর জেলা, উনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা ও জারি করা হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

***************

***************